

Telephonic conversation between External Affairs Minister Dr. S. Jaishankar and Foreign Minister of UAE HH Sheikh Abdullah bin Zayed Al Nahyan

January 18, 2022

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর এবং সংযুক্ত আরব আমীর শাহীর বিদেশমন্ত্রী হিজ হাইনেস শেখ আবদুল্লা বিন জায়েদ আল নাহয়ানের সাথে টেলিফোনে বাক্যালাপ।

জানুয়ারি 18,2022

আজ বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর সংযুক্ত আরব আমীর শাহীর বিদেশমন্ত্রী হিজ হাইনেস শেখ আবদুল্লা বিন জায়েদ আল নাহয়ানের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন। তারা সংযুক্ত আমীর শাহীতে গতকালের সন্ত্রাসবাদী হামলার বিষয়ে আলোচনা করেছেন যেখানে দুইজন ভারতীয় নিহত হয়েছেন।

সংযুক্ত আরব আমীর শাহীর বিদেশমন্ত্রী হামলার বিষয়ে বিস্তারিতভাবে বিদেশমন্ত্রীকে জানিয়েছেন। তিনি সংযুক্ত আরব আমীর শাহীর সরকারের তরফ থেকে দুইজন ভারতীয়ের মৃত্যুর জন্য গভীর শোক প্রকাশ করেছেন। তিনি সুনিশ্চিত করেছেন যে, সংযুক্ত আরব আমীর শাহী সরকার ওই দুই নিহত ব্যক্তির পরিবারবর্গকে সমস্ত রকমের সহযোগিতা করবে। এই প্রেক্ষিতে তার কর্তৃপক্ষ সবসময় ভারতীয় দূতাবাসের সাথে যোগাযোগ রেখে চলেছে।

তার তরফ থেকে বিদেশমন্ত্রী কড়া ভাষায় এই সন্ত্রাসী হামলার নিন্দা করেছেন। তিনি জোরের সাথে বলেছেন যে, আজকের দিনে এবং আজকের সময়ে নিরপরাধ নাগরিকের উপরে এই ধরনের আক্রমণকে কোনো ভাবেই মেনে নেওয়া যায় না এবং এটি সকল সামাজিক নিয়ম বহির্ভূত। এই করুন পরিস্থিতিতে সংযুক্ত আরব আমীর শাহী কর্তৃপক্ষের দূতাবাসকে তাৎক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য প্রশংসা করেছেন।

এই ধরনের আক্রমণের মুখে সংযুক্ত আরব আমীর শাহীকে বিদেশমন্ত্রী ভারতের দৃঢ় সংতির বার্তা প্রদান করেছেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের আদর্শগত অবস্থানকে প্রাধান্য দিয়ে ভারত এই বিষয়ে আন্তর্জাতিক ফোরামে সংযুক্ত আরব আমীর শাহীর পাশে দাঁড়াবে।

মৃত ব্যক্তিদের নশ্বর দেহ ভারতে ফিরিয়ে আনার জন্য বিদেশমন্ত্রী আবু ধাবিতে ভারতীয় দূতাবাসের সাথে যোগাযোগ রেখে চলেছেন। দূতাবাস পরিবারবর্গের সাথে সমন্বয় রেখে চলেছে। তারা আহত ব্যক্তিদের সকল রকমের প্রয়োজনীয় সাহায্য প্রদানও করেছেন।

নিউ দিল্লি

জানুয়ারি 18, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.